

ক্যান্সার, চিকনগুনিয়া, ডেঙ্গু, হেপাটাইটিস বি, সিসহ বিভিন্ন জটিল রোগ সঠিকভাবে নির্ণয় ও গবেষণা কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে চিকিৎসা জীব প্রযুক্তি সংক্রান্ত গবেষণা কার্যক্রম জোরদারীকরণ ও রোগীদেরকে স্বল্প খরচে সঠিক রোগ নির্ণয়ের লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সাথে স্বাস্থ্য অধিদপ্তর ও বিবিইউকে-এর সাথে সমঝোতা চুক্তি স্বাক্ষর

চিকিৎসা জীব প্রযুক্তি সংক্রান্ত গবেষণা কার্যক্রম জোরদারীকরণ ও রোগীদেরকে স্বল্প খরচে নির্ভুল, সঠিক রোগ নির্ণয়ে পরীক্ষা-নিরীক্ষার সুবিধাদি প্রদানের লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর বায়োমেডিক্যাল রিসার্চ-এর সাথে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য অধিদপ্তর ও যুক্তরাজ্যভিত্তিক বরিশাল বায়োটেকনোলজি ইউকে লিমিটেড (বিবিইউকে)-এর সাথে একটি গুরুত্বপূর্ণ সমঝোতা স্মারক (এমওইউ) আজ বৃহস্পতিবার ১৪ জুন ২০১৮ইং তারিখ এ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয়ের কার্যালয়ে স্বাক্ষর হয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন এ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া। স্বাস্থ্য অধিদপ্তরের পক্ষে স্বাক্ষর করেন অধিদপ্তরের পরিচালক ডা. আশিষ কুমার সাহা, বিবিইউকে-এর পক্ষে স্বাক্ষর করেন প্রতিষ্ঠানের অপারেশন্স ডিরেক্টর জনাব এথিনা বন্দনি দাস (Athina Bondani Das), ম্যানেজার জনাব সুরেশ চন্দ্র মিত্র। এসময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান, বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদের ডীন অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান প্রমুখ উপস্থিত ছিলেন।

গুরুত্বপূর্ণ এই সমঝোতা স্মারক স্বাক্ষর হওয়ায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের রেসিডেন্ট ও গবেষকবৃন্দ তাঁদের গবেষণা কার্যক্রম সংরক্ষণ ও পরিচালনায় বিশেষভাবে উপকৃত হওয়ার পাশাপাশি এ বিশ্ববিদ্যালয়ের এডভান্সড বায়োমেডিক্যাল রিসার্চ কার্যক্রম আরো শক্তিশালী ও সম্প্রসারিত হবে। গুরুত্বপূর্ণ এই সমঝোতা স্মারকের আওতায় রোগীদের সিকোয়েন্সিং পদ্ধতিতে এন্টিবায়োটিক প্রতিরোধী জীবাণু নির্ণয়, ক্যান্সারের ধরণ ও কারণ সঠিকভাবে নির্ণয় করার সেবা প্রদান সম্ভব হবে। এছাড়া রোগীদের সর্বাধুনিক পিসিআর পদ্ধতিতে ভাইরাস ও ব্যাকটেরিয়া জনিত বিভিন্ন জটিল রোগ যেমন চিকনগুনিয়া, ডেঙ্গু, হেপাটাইটিস বি, সি, জরায়ুমুখ ক্যান্সার ইত্যাদি সঠিক ও নির্ভুলভাবে নির্ণয় করাসহ এ বিশ্ববিদ্যালয়ে বিদ্যমান এসব পরীক্ষা-নিরীক্ষার সুযোগ-সুবিধার ক্ষেত্র আরো জোরদার ও সম্প্রসারিত হবে।

